Selfer Marino



A



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পরিকল্পনা মন্ত্রণালয় বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

Xen (Pu)

নং-৩৯২.০১৪.০৬.০৪.৫১৯(অংশ-৩).২০১৪-১৪৪

তারিখঃ ২১/০১/২০১৬

বিষয়ঃ দ্রপত্র মূল্যায়নে Specific Experience বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রসংগে।

সূত্র নং- এলজিইডি/ইই/ব্রাহ/২০১৫/৩০৩২;

তারিখঃ ৩০/১২/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রে উল্লিখিত পরিপত্রের উপর মহামান্য হাইকোর্টে স্থণিত আদেশ থাকার কারণে দরপত্র মূল্যায়নে উক্ত পরিপত্রের ভিত্তিতে টেন্ডার ডকুমেন্টে উদ্ধৃত অনুচ্ছেদ অনুযায়ী দরপত্র মূল্যায়ন সম্ভব নয়। অন্যদিকে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এর ধারা ৪৮(১)- এ "দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র দলিলে পূর্ব ঘোষিত মূল্যায়নে নির্ণায়কসমূহ কঠোরভাবে অনুসরণ করিয়া দরপত্রসমূহ পরীক্ষা ও মূল্যায়নপূর্বক দরপত্র মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করিবে" বলে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, দরপত্র মূল্যায়নে জটিলতা নিরসণে উক্ত পরিপত্রের আলোকে টেন্ডার ডকুমেন্টে সংযুক্ত অংশটুকু সংশোধন পূর্বক, ক্রয় কার্যক্রমটি পুন:প্রক্রিয়াকরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

্রেরির স্বর্পের্ব্বর্ণ হক)
প্রোগ্রামার
ফোনঃ ৯১৪৪২৫২-৫৩ (১০৫)

20

নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর এলজিইডি, ব্রাক্ষ্মনবাড়িয়া।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্ত, এলজিইডি সদর দপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
 - ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি,পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
 - ৩। অফিস কপি।

NA OF THE PROPERTY OF THE PROP

CPTU-FSCPTU_General\ASAD\Letter\LGED,_B Baria.Doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)

Tel 9144252-3 Fax 9180968, e-Mail info@cptu gov bd, Website www.cptu.gov.bd

নং - আইএমইডি/সিপিটিইউ/নীতিনিধারণ/২৬২/২০১১-১১৯২

তারিখঃ ২৬/০৭/২০১৫খ্রি:

পরিপত্র

বিষয়ঃ কার্য (works) ক্রয়ে Joint Venture Consortium Association (JVCA) অংশীদারগণের Specific Experience ও Turnover নির্ধারণ প্রসম্পো।

সংশ্রিষ্ট সকলের অবগতির জনা জানানো যাছে যে, দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক Joint Venture Consortium Association (JVCA) প্রতিষ্ঠানের অংশীদার/অংশীদারগণের Specific Experience ও Turnover ইত্যাদি নিরুপন করার সময় দরপত্র/দরপ্রতাব মূল্যায়ন কমিটির সদস্যবর্গের বিভিন্ন মত থাকায় দরপত্র/দরপ্রতাব মূল্যায়নে সিদ্ধান্তহীনতার কারণে ক্রয় প্রক্রিয়া বিলম্বিত হয়। JVCA গঠনের ক্ষেত্রে কখনও কখনও অংশীদারগণ সুনির্দিষ্ট কাজ/Component বাস্তবায়নের জন্য পার্টনার হন। সে ক্ষেত্রে দরপত্রে তার কাজের এংশ পৃথকভাবে দেখানো থাকে। এরুপ ক্ষেত্রে অংশীদারের কাজের ভিত্তিতে অভিজ্ঞতা নিরুপন করা সহস্ত। অপরপক্ষে কোন ক্ষেত্রে যৌথ অংশীদারের কাজ পৃথকভাবে দেখানো থাকে না অর্থাৎ অবিভাজ্য এবং অংশীদারগণের কাজের অংশ আলাদাভাবে নিরুপন করাও সম্ভব হয়না। উপরন্ত শুধু আর্থিক সামর্থ বৃদ্ধির জন্য ক্ষেত্র বিশেষে JVCA গঠিত হয়, যেখানে পার্টনার এর বিশেষ অভিজ্ঞতা মুখ্য নয়। এইরূপ ভিন্ন ভিন্ন পরিস্থিতেতে JVCA এর পার্টনারদের Turnover এবং Specification experience নিরূপনে একটি সুনির্দিষ্ট নীতি অনুসরণের উদ্দেশ্যে সিপিটিইউ এ গত ১৫/০৩/২০১৫ তারিখে বৃহৎ ক্রয়কারী কর্তৃপক্ষ, বিশ্ববাংক ক্রয় বিশেষজ্ঞ, Target agency, নাশনাল ট্রেইনার এবং Bangladesh Association of Construction Industry (BACI) এর প্রতিনিধিদের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নিম্বরূপ মতামত প্রদান করা যাছেঃ

Specific experience:

- (ক) যৌথ উদ্যোগ (JVCA) সম্পাদিত কাজের Component সমূহ সুনির্দিষ্ট ও বিভাজ্য হলে, Joint Venture Agreement এবং Tender Documentএর JV Partner Information Form এ অংশীদারগণ কার্য ও ভৌত সেবাকার্যক্রমে কি কাজ সম্পাদন করবে তা সুনির্দিষ্টভাবে উপ্লেখ থাকে। বাস্তবায়ন পর্যায়ে কোন অংশীদার ক'জের/ভৌত কাজের যে অংশ সম্পাদন করেছেন এবং যে মুল্যে উক্ত কাজ সম্পন্ন করেছেন তা নিরূপন করে অংশীদারগণকে ক্রয়কারী কর্তৃপক্ষ অভিজ্ঞতার সমদপত্র জারী করবে। তার আলোকে প্রত্যেক অংশীদারের অভিজ্ঞতা নিরূপিত হবে।
- (খ) যৌথ উদ্যোগে (JVCA) সম্পাদিত কাজের Component সমূহ অবিভাজ্য হলে, নিয়র্পভাবে অভিজ্ঞতা নিরুপন করা যেতে পারেঃ
 - (১) Joint Venture গঠনের সময় Lead partner এর business share কমপক্ষে ৪০% এবং অন্যান্য অংশীদারের চাইতে অবশাই বেশী হতে হবে। সে ক্ষেত্রে লীড পার্টনার সম্পাদিত কাজের ১০০% অভিজ্ঞতা পাবেন;
 - (২) Joint Venture গঠনের সময় other partner এর অভিজ্ঞতা বাধাতামূলক না হওয়ায়, other partner সম্পাদিত কাজের অভিজ্ঞতার ক্ষেত্রে business share অনুযায়ী সম্পাদিত কাজের অভিজ্ঞতা পাবেন:
 - (৩) JVCA এর অংশীদারগণকে JV Partner Information Form এবং JV গঠন সংক্রান্ত চুক্তিতে তাদের business share অবশ্যই উল্লেখ করতে হবে। Other partner এর minimum experience দাখিলের সুযোগ থাকতে হবে।



ol Turnover:

বিভাজ্য এবং অবিভাজ্য উভয় ক্ষেত্রেই JVCA পার্টনারদের JV চুক্তিতে উল্লেখিত Business Share অনুযায়ী টার্ণওভার নিরুপিত হবে।

8। বর্ণিত অবস্থায় PPR, 2008 এবং CPTU কর্তৃক প্রদত্ত Standard Tender Document (STD) অনুসরণে প্রযোজ্য ক্ষেত্রে কার্য (works) ক্রয়ে Joint Venture Consortium Association (JVCA) এর অংশীদারগণের Specific Experience ও Turnover নির্ধারণ নিশ্চিত করে গণক্রয় প্রক্রিয়া গ্রহণের জন্য সকল ক্রয়কারী কর্তৃপক্ষকে অনুরোধ করা হল।

(মোঃফারুক হোসেন)

মহাপরিচালক ফোন: ৯১৪৪২৫২-৫৩

বিতরণঃ